

NO.F.2(346)-DHE/GTCA/15  
Government of Tripura  
Directorate of Higher Education

Dated, Agartala, the 21-05-2019.

উচ্চশিক্ষায় ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

লক্ষ্য করা যাচ্ছে যে, বহিরাঙ্গ্যে বিভিন্ন কারীগরী ও প্রোফেশনাল কোর্সে ভর্তির জন্য মাধ্যমিক ও উচ্চ-মাধ্যমিক উত্তীর্ণ ছাত্র/ছাত্রীদের বিভিন্ন বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে সরাসরি অথবা মেলার মাধ্যমে আকৃষ্ট করার চেষ্টা করা হয়। এই বিষয়ে উচ্চশিক্ষা দপ্তরের পক্ষ থেকে ছাত্র/ছাত্রী ও তাদের অভিভাবকদের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, এই ধরনের কোর্সে বহিরাঙ্গ্যে বিভিন্ন কলেজ ও বিশ্ববিদ্যালয়ে ভর্তির পূর্বে নিম্নলিখিত বিষয়গুলির পর্যালোচনা করে সঠিক সিদ্ধান্ত গ্রহন করা প্রয়োজন।

১। বিভিন্ন প্রকারের কারীগরী ও প্রোফেশনাল কোর্সে ভর্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজে ভর্তি হতে ইচ্ছুক নির্দিষ্ট কোর্স এর জন্য ভারত সরকারের সংশ্লিষ্ট কাউন্সিল এর বৈধ অনুমোদন সংশ্লিষ্ট বছরের জন্য রয়েছে কিনা।

২। সংশ্লিষ্ট কলেজের নির্দিষ্ট কোর্স বা প্রোগ্রাম এর ক্ষেত্রে সংশ্লিষ্ট কাউন্সিলের নির্দেশিকা অনুযায়ী প্রয়োজনীয় পরিকাঠামো - যথা উপযুক্ত শ্রেনীকক্ষ, ল্যাবরেটরী, লাইব্রেরী, ওয়ার্কশপ (যেখানে প্রয়োজন), যোগ্যতা সম্পন্ন নির্দিষ্ট সংখ্যক শিক্ষক/শিক্ষিকা এবং অন্যান্য প্রয়োজনীয় বিষয়গুলি আছে কিনা।

৩। সংশ্লিষ্ট কলেজ বা বিশ্ববিদ্যালয়ে যে সব রাজ্য সরকার কর্তৃক ফিস নির্ধারিত রয়েছে, তা মানা হচ্ছে কিনা।

উপরোক্ত বিষয়গুলির Prospectus-অনুযায়ী বাস্তবিকভাবে কলেজ বা বিশ্ববিদ্যালয়ে তাদের পরিকাঠামোসহ উক্ত বিষয়গুলিতে সঠিকভাবে সুযোগ-সুবিধা প্রদান করা হয় কিনা তা যাচাই করার পর এ রাজ্যের ছাত্র/ছাত্রীদেরকে ভর্তি হওয়ার জন্য পরামর্শ দেওয়া হচ্ছে।

গত বছরের ন্যায় এই বছরও যারা Educational Fair/Career Counseling করছে তাদের উচ্চশিক্ষা দপ্তর থেকে Permission নিতে হবে। এর জন্য Directorate Office-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।

অধিকর্তা  
উচ্চশিক্ষা দপ্তর  
ত্রিপুরা